



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নিয়ন্ত্রক, ইলেক্ট্রনিক স্মারক সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)-এর কার্যালয়

এবং

সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
সিসিএ কার্যালয়ের কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
উপক্রমণিকা (Preamble)	৪
সেকশন ১: সিসিএ কার্যালয়ের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৫
সেকশন ২: সিসিএ কার্যালয়ের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৭
সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	৮
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১৪
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি	১৫

৩

৩

সিসিএ কার্যালয়ের কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the CCA)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জন:

সরকার ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের ভিত্তি হিসেবে দেশে ই-কমার্স, ই-লেনদেন, ই-গভর্নেন্স চালুকরণের লক্ষ্যমাত্রা অর্জনে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০০৯ (সংশোধিত ২০১৫) এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন বাস্তবায়নের লক্ষ্য পূরণকল্পে দেশে ডিজিটাল স্বাক্ষর প্রবর্তনের উদ্দেশ্যে রুট কি জেনারেশন (Root Key Generation) অনুষ্ঠিত হয়েছে। ৬টি বেসরকারী প্রতিষ্ঠানকে সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষ (সিএ) হিসেবে লাইসেন্স প্রদান করা হয়েছে। সিএ হিসেবে লাইসেন্স প্রাপ্ত ০৬টি প্রতিষ্ঠানের মধ্যে ০৫টি প্রতিষ্ঠান তাদের নিজস্ব কারিগরি প্রক্রিয়া সম্পন্ন করে ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রকের কার্যালয় হতে সিএ সার্টিফিকেট গ্রহণ করেছে। এই ০৫টি সিএ প্রতিষ্ঠান বর্তমানে বিভিন্ন সরকারী-বেসরকারী সংস্থা ও আগ্রহী ব্যক্তিবর্গের নিকট ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট ও সংশ্লিষ্ট সেবা প্রদান করেছে। ২০১৪ এর জানুয়ারী মাসে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলকে সরকারী পর্যায়ে সিএ হিসেবে কাজ করার জন্য লাইসেন্স প্রদান করা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচীর আওতায় ইলেকট্রনিক নথি ব্যবস্থাপনার জন্য এ কার্যালয়ের মাধ্যমে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ও জেলা-উপজেলায় কর্মরত সরকারী কর্মকর্তাদের মধ্যে ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট বিতরণ করা হয়েছে এবং কর্মকর্তাদেরকে ডিজিটাল স্বাক্ষর বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ কার্যালয়ে ২০ জন জনবল নিয়ে সাইবার নিরাপত্তা সেল গঠন করা হয়েছে। সিএ কার্যক্রম পরিচালনার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিধিমালা, ২০১০ প্রণয়ন করা হয়েছে। এছাড়া এ কার্যালয়ে জনবল নিয়োগের লক্ষ্যে ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক-এর কার্যালয়ের (কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১২ প্রণয়ন করা হয়েছে। এ কার্যালয় OIC-CERT-এর সদস্যপদ লাভ করেছে। National Portal-এর আওতায় এ কার্যালয়ের ওয়েব সাইট চালু করা হয়েছে।

সমস্যা:

ই-কমার্স, ই-লেনদেন, ই-গভর্নেন্স চালুকরণে সরকারী অফিস এবং আর্থিক প্রতিষ্ঠানে ডিজিটাল স্বাক্ষর চালুকরণ, সাইবার আইনের মামলার তদন্ত পরিচালনা করা এবং সিএ প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী পর্যবেক্ষণের জন্য প্রশিক্ষিত ও দক্ষ জনবল নিয়োগ করা।

ভবিষ্যৎ পরিকল্পনা:

এ কার্যালয়ে ভবিষ্যৎ পরিকল্পনার মধ্যে রয়েছে ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট ব্যবহারের প্রয়োগিক দিক সম্পর্কে প্রশিক্ষণ প্রদান ও সচেতনতা সৃষ্টি। National E-service System (NEES)-এর সাথে ডিজিটাল স্বাক্ষর সম্পৃক্তকরণ। ডিজিটাল ফরেনসিক ল্যাব প্রতিষ্ঠা এবং National CERT গঠন। ই-কমার্স, ই-টেন্ডারিং, ই-প্রকিউরমেন্ট, ই-পেমেন্ট ইত্যাদিতে ডিজিটাল স্বাক্ষর অর্ন্তভুক্তকরণ। ই-স্ট্যাম্পিং বাস্তবায়ন এবং সিসিএ কার্যালয়ের সক্ষমতা বৃদ্ধি।

২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ডিজিটাল ফরেনসিক ল্যাব প্রতিষ্ঠা এবং বিদ্যমান সার্ভার এর জন্য হার্ডওয়্যার ও সফটওয়্যার ক্রয়।
- ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট ব্যবহারের প্রায়োগিক দিক সম্পর্কে প্রশিক্ষণ প্রদান ও সচেতনতা সৃষ্টি।
- National E-service System (NESS)-এর সাথে ডিজিটাল স্বাক্ষর সম্পৃক্তকরণ।

